

মাদ্রাসা কমিটির সভাপতি মনোনয়ন এমপির ডিও লেটারের এখতিয়ার চ্যালেঞ্জ করে বরগুনায় মামলা

■ বরগুনা (দক্ষিণ) প্রতিনিধি
বরগুনায় আমতলী উপজেলা সদরের একটি মাদ্রাসার সভাপতি পদে মনোনয়ন দিতে বরগুনা-১ আসনের সংসদ সদস্য ধীরেন্দ্র দেবনাথ শম্মু দেয়া ডিও লেটারের এখতিয়ার চ্যালেঞ্জ করে আদালতে মামলা দায়ের করা হয়েছে। বরগুনা সহকারী জজ (আমতলী) আদালতে রবিবার মামলাটি দায়ের করেন আমতলী বন্দর হোসাইনিয়া ফাজিল মাদ্রাসার অভিভাবক সদস্য নাসির উদ্দীন মোল্লা ও দাজা সদস্য হাজেরা খাতুন।

মামলায় বিবাদী করা হয়েছে বরগুনায় আমতলী বন্দর হোসাইনিয়া মাদ্রাসার অধ্যক্ষ মুহাজ্জরুল ইসলাম, মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি ও আমতলী পৌরসভার মেয়র মতিয়ার রহমান, কুচিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার ও বরগুনা-১ আসনের সংসদ সদস্য ধীরেন্দ্র দেবনাথ শম্মুকে।

সহকারী জজ আক্বাসউদ্দীন মাদ্দার অভিযোগ আমলে নিয়ে গতকাল দুপুরে মাদ্রাসার নবগঠিত পরিচালনা কমিটির সভাপতির কার্যক্রমের ওপর অন্তর্ভুক্তিকারী নিষেধাজ্ঞা ও মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি মতিয়ার রহমান ও ইসলামী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রারকে আগামী ১০দিনের মধ্যে করণ দর্পনের আদেশ দিয়েছেন।

মামলায় অভিযোগ করা হয় ইসলামী বিশ্ববিদ্যালয়ের বিধি অনুযায়ী ফাজিল ও কামিল মাদ্রাসা পরিচালনা কমিটির সভাপতি পদে মনোনয়ন দেয়ার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা এম.এ বা কামিল পাস হতে হবে। কিন্তু গত পৌর নির্বাচনে

প্রতিদ্বন্দ্বিতার সময় মেয়র মতিয়ার নির্বাচন কমিশনে তার ব্যক্তিগত যে তথ্য জমা দিয়েছেন তাতে তার শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করেন অষ্টম শ্রেণী পাস। বিধি মাজন করে আমতলী পৌরসভার মেয়র মতিয়ার রহমান ২০০৯ সাল থেকে স্থানীয় সংসদ সদস্যের সুপারিশে এই মাদ্রাসার সভাপতিত্ব দায়িত্ব পালন করছেন। কমিটির মেয়াদ পূর্ণ হওয়ার পর গত ৯ অক্টোবর সংসদ সদস্য পুনরায় একটি ডিও লেটার (সুপারিশপত্র) ইসলামী বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার বরাবর পাঠিয়ে মতিয়ার রহমানকে পুনরায় সভাপতি পদে মনোনয়ন দিতে সুপারিশ করেন। বিধি অনুযায়ী মতিয়ার রহমান এই মাদ্রাসার পরিচালনা কমিটির সদস্য হওয়ার যেমন আইনগত কোনও অধিকার নেই তেমনই তার গড়ে সংসদ সদস্যের ডিও লেটার (সুপারিশপত্র) দেয়ারও কোনও এখতিয়ার নেই। এমপি ধীরেন্দ্র দেবনাথ শম্মু দেশের বাইরে অবস্থান করায় এ বিষয়ে তার স্তব্ধ পাওয়া যায়নি।